গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
পাকুন্দিয়া,কিশোরগঞ্জ।

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

স্মারক নং-১৮৪

তারিখঃ-১৫/০৩/২৩খ্রিঃ

অফিস আদেশ

সমবায় অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২৩ অর্থবছরের আওতায় সকল অধঃস্তন দপ্তর/সংস্থার জন্য একটি সেবা সহজীকরণ আইডিয়া বাস্তবায়নের নিমিত্ত সেবা চুড়ান্ত করনের লক্ষ্যে বিগত ০১/০২/২০২৩খ্রিঃ তারিখে সমবায় অধিদপ্তর,ঢাকায় অনুষ্ঠিত কর্মশালার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জেলা এবং উপজেলা কার্যালয় সমূহের জন্য সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত২০০২ ও ২০১৩) এর ১৮(৫) মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির "অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন" বিষয়টি নির্বাচন করত উক্ত "সেবা সহজীকরণ" এর ধাপসমূহ নিম্নরূপ নির্ধারন করা হলো।

ক্রঃনং	প্রস্তাবিত ধাপসমূহ
১.	অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন উপলক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান এবং সরবরাহকৃত রেজুলেশন ও আবেদনের ফরম্যাট পূরণ।
২.	পূরণকৃত আবেদন ও রেজুলেশন উপজেলা সমবায় কার্যালয়ে সরাসরি বা ই-মেইলে প্রেরণ।
৩.	উপজেলা সমবায় কার্যালয় কর্তৃক ডাইরিভূক্তকরণ ও নথিতে উপস্থাপন।
৪.	সমিতির শেয়ার মূলধন ৫০০০০.০০(পঞ্চাশ হাজার) টাকার কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন এবং আদেশ প্রদান ।সমিতির শেয়ার মূলধন ৫০০০০.০০(পঞ্চাশ হাজার) টাকার উর্দ্ধে হলে জেলা সমবায় অফিসার কর্তৃক প্রাপ্ত ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর পূর্বক জেলায় প্রেরণ।

০২। এ অবস্থায় সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত২০০২ ও ২০১৩) এর ১৮(৫) মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির "অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন" এর ক্ষেত্রে বিদ্যমান ধাপসমূহের ক্ষেত্রে উল্লিখিত ধাপসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

মোসাঃ সাহেনা আক্তার
উপজেলা সমবায় অফিসার
পাকুন্দিয়া,কিশোরগঞ্জ।

স্মারক নং-১৮৪/১(২)

তারিখ-১৫/০৩/২৩খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।
১। জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ।
৩। অফিস কপি।

মোসাঃ সাহেনা আক্তার
উপজেলা সমবায় অফিসার
পাকুন্দিয়া,কিশোরগঞ্জ।